

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৬।

[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

নং-১০.০০.০০০০.১৩০.২৭.০০২.২১-১২০

তারিখ : ০৪ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ  
১৯ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু কুড়িগ্রাম জেলার জেলা-রেজিস্ট্রার জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মোকদ্দমা নং ০২/২০২১ রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর;

যেহেতু, আনীত অভিযোগসমূহ পূর্ণাঙ্গ তদন্তের স্বার্থে তাকে বিভাগীয় মোকদ্দমা চলাকালীন কর্মে বহাল রাখা সমীচীন হবে না ;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কুড়িগ্রাম জেলার জেলা-রেজিস্ট্রার জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম-কে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন তিনি মহা-পরিদর্শক, নিবন্ধন এর কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্ত হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


  
১৯/০৭/২০২১  
(মোঃ গোলাম সারওয়ার)  
সচিব

নং-১০.০০.০০০০.১৩০.২৭.০০২.২১-১২০

তারিখ : ১৯-০৭-২০২১ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। উপ-পরিচালক, ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। জেলা রেজিস্ট্রার, কুড়িগ্রাম।
- ০৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুড়িগ্রাম।
- ০৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম, জেলা-রেজিস্ট্রার, কুড়িগ্রাম (সাময়িক বরখাস্তকৃত)।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।

  
১৯/০৭/২০২১  
(আবু সালেহ মোঃ সালাহউদ্দিন খাঁ)  
উপ-সচিব(রেজিস্ট্রেশন)  
ফোন : ৯৫৭৪১৪৩